# বন্ধুকে হত্যার পর মরদেহ বালুর নিচে রেখে খোঁজাখুঁজিতে মাসুম



ছবি: সংগৃহীত

রাজধানীর লালবাগে নিখোঁজের তিন দিন পর শেখ ওয়াসিম রনি (৪৩) নামে এক ব্যবসায়ীর হাত-পা বাঁধা মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তাকে হত্যার পর বাসার নিচের ফাঁকা জায়গায় বালুর নিচে লুকিয়ে রেখে পরিবারের সঙ্গে রনিকে খোঁজার অভিনয় করার অভিযোগ উঠেছে তার বন্ধু ও ব্যবসায়িক সহযোগী মাসুমের বিরুদ্ধে।

পুলিশ জানিয়েছে, পাওনা তিন লাখ টাকা নিয়ে বিরোধের জেরে রনিকে হত্যা করা হয়। এ ঘটনায় মাসুমকে গ্রেপ্তার করা হয়েছে।

শুক্রবার (১১ সেপ্টেম্বর) ভোরে লালবাগের বিসি দাস স্ট্রিটের একটি বাড়ির নিচতলার ফাঁকা জায়গা থেকে বালু খুঁড়ে রনির মরদেহ উদ্ধার করা হয়। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ ঢাকা মেডিকেল কলেজ মর্গে পাঠানো হয়।

পুলিশ ও পরিবার সূত্রে জানা গেছে, রনি জমি বেচাকেনাসহ বিভিন্ন ব্যবসার সঙ্গে যুক্ত ছিলেন। মাসুমের সঙ্গে তার দীর্ঘদিনের ব্যবসায়িক লেনদেন ছিল। মাসুমের কাছে রনির তিন লাখ টাকা পাওনা ছিল। গত ৮ সেপ্টেম্বর ওই টাকার চেক আনতে যাওয়ার কথা বলে বাসা থেকে বের হওয়ার পর তার মোবাইল বন্ধ পাওয়া যায়।

LENS ASIA

রনির পরিবার ওইদিন রাতে লালবাগ থানায় জিডি করে। পরিবারের সদস্যদের সঙ্গে মাসুমও রনিকে খোঁজার কাজে ছিলেন। তবে তদন্তে সিসিটিভি ফুটেজে রনিকে মাসুমের বাসার গলিতে ঢুকতে দেখা গেলেও বের হতে দেখা যায়নি। এরপর পুলিশের সন্দেহ বাড়ে।

পুলিশের দাবি, জিজ্ঞাসাবাদে মাসুম হত্যার কথা স্বীকার করেন। তার দেওয়া তথ্য অনুযায়ী বালুর নিচ থেকে মরদেহ উদ্ধার করা হয়।

লালবাগ থানার ওসি মো. জামিল হোসেন জানান, পাওনা টাকা চাওয়াকে কেন্দ্র করে রনির সঙ্গে মাসুমের কথা কাটাকাটি হয়। একপর্যায়ে মাসুম তাকে ঘুষি মারলে তিনি পড়ে যান। পরে হাত-পা বেঁধে গলা টিপে হত্যা করা হয় বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে মাসুম জানিয়েছেন।

ওসি বলেন, হত্যার পর মরদেহ বাসার নিচে গর্ত করে বালুর নিচে চাপা দেওয়া হয়। মরদেহের হাত-পা বাঁধা ও মুখে পলিথিন প্যাঁচানো ছিল।

মাসুমকে আদালতে পাঠানো হয়েছে। পাওনা তিন লাখ টাকা ছাড়া হত্যার পেছনে অন্য কোনো কারণ ছিল কি না, তা খতিয়ে দেখছে পুলিশ।